ভোরের কাগজ

তারিখ ... JAN 25 2008 ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

# চ.বিতে অচলাবস্থা অব্যাহত শিবিরের 'একদফা'র হুমকি

চ.বি. সংবাদদাতা : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট অচলাবস্থা. নিরসনে কর্তৃপক্ষের গতকালের উদ্যোগও ব্যর্থ হয়ে গেছে। ক্যাম্পাসে লাগাতার অবরোধের কর্মসূচি পালনকারী ছাত্রশিবির লিয়াজোঁ কমিটির আলোচনায় যোগ দেয়নি। তবে শিবির এক লিখিত বক্তব্যে লিয়াজোঁ কমিটিকে আগামী ৩০ জানুয়ারি পর্যন্ত সময় বেঁধে দিয়ে, বলেছে, এ সময়ের মধ্যে দুই শিবির নেতার খুনিদের গ্রেপ্তার না করলে তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের অপসারণ চেয়ে এক দফার আন্দোলনে যাবে। উল্লেখ্য, এর আগে গত বুধবারও লিয়াজোঁ কমিটি শিবিরের সঙ্গে বৈঠকের চেষ্টা চালিয়ে ব্যর্থ হয়।

এদিকে বিশ্ববিদ্যালয় রুটে শাটল ট্রেন চলাচল পুনরায় শুরু করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আজ মঙ্গলবার সকাল ১১টায় রেলওয়ে কর্মকর্তাদের সঙ্গে আলোচনায় বসছে বলে জানা গেছে।

উল্লেখ্য, গত ১৬ জানুয়ারি শিবির ক্যাডাররা অস্ত্রের মুখে ট্রেনের একজন চালককে অপহরণ করলে ১৭ জানুয়ারি থেকে চালকরা বিশ্ববিদ্যালয় ও নাজিরহাট রুটে সকল ট্রেন চলাচল বন্ধ করে দেয়।

এদিকে, ছাত্রইউনিয়ন অবিলম্বে বিশ্ববিদ্যালয় সচল করার দাবিতে গতকাল নগরীতে মিছিল ও সমাবেশ করেছে। আহসান কবির বেঙ্গলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে. বক্তারা বলেছেন, বিশ্ববিদ্যালয় সৃষ্ট সন্ত্রাসী ঘটনাসমূহের বিচার না হওয়ায় ক্যাম্পাসে অচলাবস্থার সৃষ্টি হয়েছে।

ছাত্রশিবির আজ সকাল ১১টায় তাদের মহানগরী অফিসে এবং ছাত্রদল বিকাল ৩টায় নাসিমন ভবনে সংবাদ সম্মেলন আহ্বান করেছে।

# চট্টগ্রাম ভার্সিটির ভিসি গুরুতর আহত

বাসস ঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান গতকাল (শনিবার) রাতে মারাত্মকভাবে আহত হয়েছেন। চট্টগ্রামের কাজীরদেউরীতে তার বাসার সামনে একটি মোটর সাইকেলের ধাক্কায় তিনি আহত হন।

বিশ্ববিদ্যালয়, হাসপাতাল ও পরিবার সূত্রে জানা গেছে, প্রফেসর মান্নান তার মাহবুব-উল-আলম রোডের বাসভবনের সামনে অপর দিক থেকে আগত একটি দ্রুতগামী মোটর সাইকেলের সামনে পড়ে যান এবং এটি তাকে ধাক্কা দিয়ে সংলগ্ন একটি নর্দমায় ফেলে দেয়। তিনি এ সময় বাসার সামনের পথ ধরে হেঁটে যাচ্ছিলেন।

পথচারীগণ এবং তার বাসভবনে কর্তব্যরত পুলিশ মোটর সাইকেল আরোহীকে আটক করেছে। ভিসিকে হলিক্রিসেন্ট হাসপাতালে ভর্তি করা হয়েছে।

# কৃষি ভার্সিটির ভিসির মৃত্যুতে যে ক্ষতি হল তা সহজে পূরণ হবার নয়

—খালেদা জিয়া

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ জাতীয়তাবাদী দলের চেয়ারপার্সন ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়া গতকাল এক বিবৃতিতে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মোহাম্মাদ হোসেনের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। বিবৃতিতে তিনি বলেন, ডঃ মোহাম্মাদ হোসেনের মত একজন যোগ্য শিক্ষাবিদের অকাল মৃত্যুতে দেশের যে অপূরণীয় ক্ষতি হল তা সহজে পূরণ হবার নয়। তিনি মরহুমের রূহের মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান।

অপর এক বিবৃতিতে বিএনপি'র মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি ডঃ মোহাম্মাদ হোসেনের মর্মান্তিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। তিনি মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানান।